

নম্বর 202.70

নির্বাহী আদেশ

আইনের সাময়িক স্বগিতাদেশ এবং পরিবর্তন অব্যাহত রাখা
সাময়িক স্বগিতাদেশ ও পরিবর্তন অব্যাহত রাখা

যেখানে, 7 মার্চ 2020 তারিখে আমি নিউ ইয়র্ক স্টেটের সর্বত্র রাজ্যের দুর্যোগকালীন জরুরি অবস্থার কথা ঘোষণা করে নির্বাহী আদেশ নম্বর 202 জারি করি; এবং

যেখানে, COVID-19 এর ভ্রমণ সংশ্লিষ্ট ঘটনা এবং সম্প্রদায়ের সংস্পর্শজনিত সংক্রমণ, উভয়ই নিউ ইয়র্ক স্টেটে নথিভুক্ত করা হয়েছে এবং তা অব্যাহত থাকতে পারে বলে প্রত্যাশা করা হচ্ছে:

সুতরাং, এখন আমি, নিউ ইয়র্ক স্টেটের গভর্নর, অ্যান্ড্রু এম. কুওমো, নির্বাহী আইনের আর্টিকেল 2-B-এর সেকশন 29-a এর অধীনে আমার উপর ন্যস্ত কর্তব্য পালনের কর্তৃত্বের দ্বারা স্টেটের দুর্যোগকালীন জরুরি অবস্থার সময় যেকোনো সংস্কার যেকোনো আইন, স্থানীয় আইন, অধ্যাদেশ, আদেশ, বিধি বা প্রবিধান বা এর অংশগুলো সাময়িকভাবে স্বগিত বা সংশোধন করতে পারি, যদি এই জাতীয় আইন, স্থানীয় আইন, অধ্যাদেশ, আদেশ, বিধি বা প্রবিধান মেনে চললে তা দুর্যোগকালীন জরুরি পরিস্থিতি মোকাবেলায় প্রয়োজনীয় পদক্ষেপ নেওয়ার ক্ষেত্রে বাধা সৃষ্টি করে বা বিলম্বিত করে বা প্রয়োজনে এই ধরনের দুর্যোগ মোকাবেলায় সহায়তা বা সহযোগিতা করার জন্য প্রয়োজন হলে সাময়িকভাবে স্বগিত বা সংশোধন করতে পারি, অতএব, আমি এতদ্বারা কার্যনির্বাহী আদেশ 202.36, 202.37, 202.46, 202.47, 202.54, 202.58 এবং 202.59 এ উল্লিখিত নির্দেশগুলি যা পরবর্তী কোন নির্দেশিকার দ্বারা অতিক্রম করা হয়নি, এবং নির্বাহী আদেশ 202.65 এ উল্লিখিত ও অব্যাহত আছে, সেই নির্দেশ ও আইনগুলি আরো ত্রিশ দিন, 19 নভেম্বর 2020 পর্যন্ত অব্যাহত রাখছি;

উপরন্তু, দুর্যোগ মোকাবেলা করার জন্য প্রয়োজনীয় দুর্যোগকালীন জরুরি সময় কোনো নির্দেশ জারি করার জন্য নির্বাহী আইনের আর্টিকেল 2-B এর সেকশন 29-a অনুযায়ী আমার উপর ন্যস্ত কর্তৃত্বের দ্বারা, আমি এতদ্বারা নিম্নলিখিত নির্দেশগুলি জারি করছি যা 19 নভেম্বর 2020 পর্যন্ত কার্যকর থাকবে:

- নির্বাহী আদেশ 202.64 এ উল্লিখিত নির্দেশিকা, যা নির্বাহী আদেশ 202.28 নির্দেশিকাকে পরিবর্তন করেছে যা ভাড়া পরিশোধ না করার জন্য কোন বাণিজ্যিক ভাড়াটেকে উচ্ছেদ বা উচ্ছেদের প্রক্রিয়া শুরু করা বা কোন বাণিজ্যিক বন্ধকের ফোরক্লোজার নিষিদ্ধ করে, তা 01 জানুয়ারী 2021 পর্যন্ত অব্যাহত রাখা হবে।
- এক্সিকিউটিভ অর্ডার 202.3 এ ধারণ করা নির্দেশ, যা সিনেমা হলগুলি বন্ধ করেছে সেটি এতদ্বারা পরিবর্তন করা হল এই ব্যবস্থা করতে যে সিনেমা হলগুলি 23 অক্টোবর 2020 থেকে খুলতে পারে সেগুলির 25% ধারণক্ষমতার সাথে, প্রতিটি স্ক্রিনে সর্বোচ্চ 50 জন মানুষ নিয়ে, স্বাস্থ্য নির্দেশিকা মেনে এবং এই শর্তে যে নিউ ইয়র্ক সিটি অঞ্চলে যে সব কাউন্টির সংক্রমণের হার 2% এর উপরে 14 দিনের গড়ের হিসেবে, এবং রেড ক্লাস্টার জোন সহ কাউন্টিগুলিতে সিনেমা হলগুলি বন্ধ রাখা অব্যাহত থাকবে।

আমার স্বহস্তে প্রদত্ত এবং অ্যালবেনি শহরে স্টেটের নিজস্ব

সিলমোহর সহ দুই হাজার বিশ সালের

অক্টোবর মাসের বিশতম দিনে এটি প্রদান
করা হলো।

গভর্নর কর্তৃক

গভর্নরের সচিব